দৈনিক ইনকিলাব

2

তারিখ 15 MAR 1996
পৃষ্ঠা ১০ কলাম ৫

# আল-কুরআন বিভাগের চেয়ারম্যানকে বহিষ্কারের দাবীতে ইঃ বিঃ তে ক্লাস বর্জন

ইঃ বিঃ রিপোর্টার : [illegible] ১৪ মে[illegible] - ইসলামী বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদের ডীন এবং আল-কুরআন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক তাহির আহমদকে বিশ্ববিদ্যালয় থেকে অবিলম্বে বহিষ্কারের দাবীতে এ অনুষদের সহস্রাধিক ছাত্র/ছাত্রী আজ (সোমবার) একযোগে ক্লাস বর্জন করে সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ভিসি অফিস ও প্রশাসন ভবন ঘেরাও করে রাখে। ফলে প্রশাসনিক কার্যক্রমে মারাত্মক বিঘ্ন ঘটে। একই দাবীতে ছা[illegible]র ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা গতক[illegible]ল-কুরআন বিভাগে তালা মেরে দেয় এবং ভিসি অফিসের সামনে প্রতীক ধর্মঘট পালন করে। তালাবদ্ধতার কারণে আল-কুরআন বিভাগে কোন কাজকর্ম হয়নি বলে জানা যায়। তাহির আহমদের বিরুদ্ধে ১৯৯২ সালের আল-কুরআন মাস্টার্স পরীক্ষার সম্প্রতি প্রকাশিত ফলাফল সংক্রান্ত দুর্নীতি ও অনিয়মের অধিকাংশ অভিযোগে (৬টির মধ্যে ৪টি) তদন্ত কমিটি তাকে দোষী সাব্যস্ত করে রিপোর্ট দিলে গত রবিবার থেকে ছাত্র/ছাত্রীরা এ আন্দোলন শুরু করে।